### খানসামা উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ প্রণয়নে বিশেষ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ তাজ উদ্দিন, প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ : ১১/১১/২০২৪ খ্রি.
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি পরস্পরের সহযোগিতায় একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন এবং উপজেলা পরিষদের ন্যস্ত দপ্তরসমূহ ও ইউপি চেয়ারম্যানগণকে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ প্রণয়নের ক্ষেত্রে মতামত, পরামর্শ ও তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করার জন্য আহবান জানান।

তিনি আরও জানান যে, বাংলাদেশের সংবিধানের ৫৯-২(গ) অনুচ্ছেদে বলা হয়েছে যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জনসেবা ও অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (উপজেলা পরিষদ আইন, ২০০৯ ও সংশোধিত ২০১১) এর ৪২ ধারা মোতাবেক দেশের প্রতিটি উপজেলার জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা আইনগত বাধ্যবাধকতা রয়েছে। উপজেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ প্রণয়নে আজকের এ বিশেষ সভা আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি বিশেষ সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুরকে অনুরোধ জানান।

উপজেলা প্রকৌশলী জনাব শাহ মোঃ ওবায়দুর রহমান সভায় বলেন যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে উপজেলা পরিষদ অত্যন্ত গুরুত্বপূর্ণ। উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (সংশোধিত ২০০৯ ও ২০১১) এর ৪২ ধারায় উপজেলা পরিষদের জন্য একটি পঞ্চবার্ষিকী বা দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের কথা বলা হয়েছে। খানসামা উপজেলার উন্নয়নের জন্য প্রণীত পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ ইতোপূর্বেই শেষ হয়ে গেছে। বিগত বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক নয়। অর্থের অভাবে বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন বা বাস্তবায়ন করা সম্ভব হয়নি। জনগনের বৃহত্তর কল্যাণে কাজে আসবে এমন সম্ভাব্য গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে। তাছাড়া বিভিন্ন দপ্তরের মধ্যে দ্বৈততা পরিহার করে প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। তাই প্রকল্প গ্রহণের ক্ষেত্রে আরো বেশী সতর্ক হওয়া প্রয়োজন।

উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলার উন্নয়নের জন্য নতুন করে খানসামা উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০২৪-২০২৯ প্রণয়নের কাজ চলমান রয়েছ। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ প্রণয়নে ভবিষ্যতে জনগুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য মতামত ব্যক্ত করেন। এক্ষেত্রে ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং ২০২৩-২০২৪ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত ২০২৪-২০২৫ অর্থবছরের রাজস্ব উন্নয়ন এর আওতায় প্রকল্প গ্রহণের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যান কর্তৃক এবং বিভিন্ন দপ্তর হতে প্রস্তাবিত প্রকল্পসমূহ উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে প্রকল্পের যথার্থতা পরীক্ষা-নিরীক্ষা এবং কারিগরী বিশ্লেষণপূর্বক উন্নয়নের স্বার্থে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক দাখিলকৃত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত বাছাই কমিটির সকল সদস্যের ঐক্যমতের ভিত্তিতে সুপারিশকৃত প্রকল্পসমূহ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ প্রণয়নে অন্তর্ভুক্ত করার জন্য নিম্নোক্তভাবে সভায় উপস্থান করেন।

| ক্র: | প্রকল্পের অবস্থান | স্কীমের নাম |
|---|---|---|
| ০১ | ১নং আলোকঝাড়ী ইউপি | ৩নং ওয়ার্ডে সাজাপুর গাহেনডুবা পাড়া ভক্তপ্রান হরিবাসর নির্মাণ। |
| ০২ | ১নং আলোকঝাড়ী ইউপি | ৮নং ওয়ার্ডের জাহাঙ্গীরপুর মেসার্স খানসামা ফিলং স্টেশনের পাশে আদর্শগ্রাম যাওয়ার রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ। |
| ০৩ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ১নং ওয়ার্ডে পুকুর পাড়ায় সফির বাড়ী থেকে ভুল্টুশাহ এর বাড়ী পর্যন্ত পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। |
| ০৪ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ৭নং ওয়ার্ডে সফুরত শাহপাড়া জামে মসজিদ সংস্কার। |
| ০৫ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ৫নং ওয়ার্ডে সহজপুর দাখিল মাদ্রাসায় গেট সংস্কার ও আসবাবপত্র সরবরাহ। |
| ০৬ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ৫নং ওয়ার্ডে সহজপুর গ্রামের সামাদ বিএসসি পাড়ায় রাস্তার ধারে পুকুরে গাইডওয়াল নির্মাণ। |
| ০৭ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ৫নং ওয়ার্ডে সহজপুর গ্রামের মন্ডলপাড়ায় পুকুরের ধারে গাইডওয়াল নির্মাণ। |
| ০৮ | ৩নং আংগারপাড়া ইউপি | ৮নং ওয়ার্ডে ইসলামী পাঠাগার সংস্কার। |
| ০৯ | ৩নং আংগারপাড়া ইউপি | পাকেরহাট ব্রয়লার হাটি হতে বেলান নদী পর্যন্ত ড্রেন ও আবর্জনা ফেলার জন্য ডাস্টবিন নির্মান। |

৫২

০০.০০
০০.০০

| | | |
|---|---|---|
| ১০ | ৩নং আংগারপাড়া ইউপি | আংগারপাড়া ইউনিয়ন পরিষদের মালামাল রাখার গোডাউনের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ। |
| ১১ | ৩নং আংগারপাড়া ইউপি | ১নং ওয়ার্ড হতে ৯নং ওয়ার্ডের হতদ্ররিদ্রদের মাঝে টিউবওয়েল বিতরণ। |
| ১২ | ৩নং আংগারপাড়া ইউপি | ৬নং ওয়ার্ডে মর্নিং সানক্লাব সংস্কার। |
| ১৩ | ৪নং খামারপাড়া ইউপি | ৯নং ওয়ার্ডে গাড়পাড়া কাছারীর ডাঙ্গায় সিটিং প্লেস নির্মাণ। |
| ১৪ | ৪নং খামারপাড়া ইউপি | ৮নং ওয়ার্ডে বালাপাড়া আমিনুল মেম্বার মোস্তফার বাড়ীর পার্শ্বে পুকুরে গাইডওয়াল নির্মাণ। |
| ১৫ | ৪নং খামারপাড়া ইউপি | ৬নং ওয়ার্ডে কায়েমপুর গ্রামে মাঝাপাড়া আকবর মাস্টারের বাড়ীর উত্তর পার্শ্বে গাইডওয়াল নির্মাণ। |
| ১৬ | ৪নং খামারপাড়া ইউপি | ৬নং ওয়ার্ডে কায়েমপুর গ্রামে মাঝাপাড়া নজিরের পুকুরো গাইডওয়াল পুনঃনির্মাণ। |
| ১৭ | ৪নং খামারপাড়া ইউপি | ৭নং ওয়ার্ডে জুগীরঘোপা বশির মেম্বারের বাড়ীর পূর্ব পার্শ্বের রাস্তায় গাইডওয়াল নির্মাণ। |
| ১৮ | ৪নং খামারপাড়া ইউপি | বালাপাড়া রইছ উদ্দিনের বাড়ীর পিছন পার্শ্বে ড্রেন নির্মাণ। |
| ১৯ | ৪নং খামারপাড়া ইউপি | বালাপাড়া খালেক চেয়ারম্যানপাড়া জামে মসজিদ সংস্কার। |
| ২০ | ৪নং খামারপাড়া ইউপি | ৩নং ওয়ার্ডে ডাঙ্গাপাড়া দেবারুশাহ পাড়ার নাজমুলের বাড়ীর সামনে ড্রেন নির্মাণ। |
| ২১ | ৫নং ভাবকী ইউপি | আগ্রা নিবারিয়া এতিমখানা সংস্কার। |
| ২২ | ৫নং ভাবকী ইউপি | রামনগর কাউয়াশাহপাড়া বায়তুল সালাম জামে মসজিদ সংস্কার। |
| ২৩ | ৫নং ভাবকী ইউপি | রামনগর চাটিয়াশাহপাড়া এতিমখানা সংস্কার। |
| ২৪ | ৫নং ভাবকী ইউপি | মাড়গাঁও গ্রামের তালের ডাঙ্গা কবরস্থানের সীমানা প্রাচীর নির্মার্ণ। |
| ২৫ | ৫নং ভাবকী ইউপি | আগ্রা সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে দক্ষিণ আগ্রা যাওয়ার রাস্তায় আশার দোকানের পাশে ইউড্রেন নির্মাণ। |
| ২৬ | ৫নং ভাবকী ইউপি | কাচিনীয়া মুডকুড়ার মোড় হতে বুড়িতলা যাওয়ার রাস্তায় ইউড্রেন নির্মাণ। |
| ২৭ | ৫নং ভাবকী ইউপি | রামনগর চাটিয়াশাহ মাদ্রাসা হতে গাড়পাড়া যাওয়ার রাস্তায় আনোয়ারের বাড়ীর পাশে ইউড্রেন নির্মান। |
| ২৮ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার আকবর আলী শাহ দাখিল মাদ্রাসার ইছামতি নদীর উপর কাঠের সাকো নির্মান। |
| ২৯ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার ৪নং ওয়ার্ডে আব্দুল শাহ পাড়া জামে মসজিদের মেঝে টাইলস করণ। |
| ৩০ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার ভূল্লারহাট জামে মসজিদের সিড়ি নির্মাণ। |
| ৩১ | ৬নং গোয়ালডিহি ইউপি | হাসিমপুর মৌজার ২নং ওয়ার্ডে পুলহাট জামে মসজিদের মেঝে টাইলস করণ। |
| ৩২ | ৬নং গোয়ালডিহি ইউপি | নলবাড়ী মৌজার ৭নং ওয়ার্ডে আজগার মাস্টার পাড়া জামে মসজিদের মেঝে টাইলস করণ। |
| ৩৩ | ৬নং গোয়ালডিহি ইউপি | দুবলিয়া মৌজার ৯নং ওয়ার্ডে হাঠাৎপাড়া কবরস্থানে নিরাপত্তা বেস্টনি নির্মাণ। |
| ৩৪ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার ৫নং ওয়ার্ডে রহমতুল্লাহপাড়া কবরস্থানে নিরাপত্তা বেস্টনি নির্মাণ। |
| ৩৫ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার ৫নং ওয়ার্ডে জনাব আলী শাহপাড়ার পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। |
| ৩৬ | কেন্দ্রীয় | খানসামা শিশুপার্কের অভ্যন্তরে সিসি রাস্তা নির্মাণ ও টাইলসকরণ। |
| ৩৭ | কেন্দ্রীয় | খানসামা শিশুপার্কের বিদ্যমান রাইডসমূহ সংস্কার ও রংকরণ। |
| ৩৮ | কেন্দ্রীয় | উপজেলা পরিষদ জামে মসজিদ সংস্কার ও রংকরণ। |
| ৩৯ | কেন্দ্রীয় | জাহাঙ্গীরপুর খাসপাড়া মসজিদের ওজুখানা নির্মান। |
| ৪০ | প্রকৌশলী | খানসামা উপজেলা প্রকৌশল দপ্তরের দাপ্তরিক কাজের জন্য ভালো মানের দুইটি কম্পিউটার ও প্রিন্টার ক্রয় ও সরবরাহ। |
| ৪১ | ১নং আলোকঝাড়ী ইউপি | ৪নং ওয়ার্ডে শুশুলী মৌজায় গাহেনডুবা ডাড়ার উপর ব্রীজ রক্ষার্থে গাইডওয়াল নির্মাণ। |
| ৪২ | ১নং আলোকঝাড়ী ইউপি | ৭নং ওয়ার্ডের গোবিন্দপুর ডাঙ্গাপাড়া জামে মসজিদের ওয়াল, দরজা ও জানালা নির্মাণ। |
| ৪৩ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ২নং ওয়ার্ডে রামকলা বাজারে পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। |
| ৪৪ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ৪নং ওয়ার্ডে খামারবিষ্ণুগঞ্জ গ্রামের মোশাররফের বাড়ীর সামনে কালভার্ট নির্মাণ ও ৫নং ওয়ার্ডে সহজপুর গ্রামের মোমিনুল মাস্টারের পাড়ায় পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। |
| ৪৫ | ৩নং আংগারপাড়া ইউপি | ২নং ওয়ার্ডে তালেব মেম্বারপাড়া ইসলামী পাঠাগার সংস্কার। |
| ৪৬ | ৫নং ভাবকী ইউপি | দেউলগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে দেউলগাঁও ক্লিনিক যাওয়ার রাস্তায় আরসিসি রাস্তা সংস্কার। |
| ৪৭ | কেন্দ্রীয় | খানসামা উপজেলাধীন রাত্রীকালীন পাহাড়ায় নিয়োজিত সকল আনসার সদস্য ও সকল ইউনিয়ন পরিষদে কর্মরত দফাদার ও মহল্লাদারদের জন্য রেইনকোট ও টর্চলাইট ক্রয় ও সরবরাহ। |

CamScanner

| | | |
|---|---|---|
| ৪৮ | কেন্দ্রীয় | পশ্চিম বাসুলী আব্দুল্লাহ মিয়া জামে মসজিদ সংস্কার ও রংকরণ। |
| ৪৯ | ১নং আলোকঝাড়ী ইউপি | ৯নং ওয়ার্ডে গোবিন্দপুর কয়ছার মিস্ত্রীর মোড় হতে মহবার কসাইয়ের বাড়ী যাওয়ার রাস্তায় মরহুম শহীদ মাস্টার বাড়ীর সামনে পুরাতন বক্স কালভার্ট মেরামত। |
| ৫০ | ২নং ভেড়ভেড়ী ইউপি | ৯নং ওয়ার্ডে ভোকেশনাল মোড় চৌধুরী পাড়া যাওয়ার রাস্তায় কালভার্ট নির্মাণ। |
| ৫১ | ৩নং আংগারপাড়া ইউপি | ৪নং ওয়ার্ডে ইছামতি নদী সংলগ্ন নাওঘাটি পার পাকা রাস্তার পার্শ্বে শ্মশানে সীমানা প্রাচীর নির্মাণ। |
| ৫২ | ৪নং খামারপাড়া ইউপি | বালাপাড়া আবুল হাশেমের পুকুর ধারে গাইডওয়াল নির্মাণ। |
| ৫৩ | ৫নং ভাবকী ইউপি | ভাবকী দামুয়ার ডাঙ্গা কবরস্থানের সীমান প্রাচীর নির্মাণ। |
| ৫৪ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার ৪নং ওয়ার্ডে ভূল্লারহাটে লেট্রিন নির্মাণ। |
| ৫৫ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজায় ময়দানের পাড় উত্তমপাড়া যাওয়ার রাস্তায় কামাতি ধরের উপর কালভার্ট নির্মাণ। |
| ৫৬ | ৬নং গোয়ালডিহি ইউপি | গোয়ালডিহি মৌজার সাকোর পাড় রাস্তার পার্শ্বে নদীর ধারে গাইডওয়াল নির্মাণ। |
| ৫৭ | কেন্দ্রীয় | আংগারপাড়া ইউনিয়নের ২নং ওয়ার্ডে সুবর্ণখুলী পূর্বডাঙ্গাপাড়া গ্রামের মরহুম আবুল কাশেমের কবরস্থানের সীমানা প্রাচীর নির্মাণ। |

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বার্ষিক আর্থিক সামর্থ্য বিবেচনায় বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন। এ প্রসঙ্গে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং রাজস্ব উদ্বৃত্ত বাজেট বিবেচনায় চাহিদা নির্ধারণ ও অগ্রাধিকার নির্ধারণ করা হয়েছে। উন্নয়ন চাহিদা অগ্রাধিকারকরণ বিষয়ে বিস্তারিত আলোচনার পর (১) কৃষি ও ক্ষুদ্রসেচ (২) বস্তুগত অবকাঠামো ও (৩) আর্থ সামাজিক অবকাঠামো এই তিনটি খাতে উন্নয়ন অগ্রাধিকার বিবেচনা করে খানসামা উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ প্রস্তুত করা হয়েছে।

পর্যালোচনা : উপজেলা নির্বাহী অফিসার উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ মোতাবেক খাতওয়ারি বিভাজন অনুসরণপূর্বক বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় চাহিদা বিন্যস্ত করার আহবান জানান। উপজেলা প্রকৌশলীর মাধ্যমে উপস্থাপিত খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ বিষয়ে সকলে বিস্তারিত আলোচনা করেন এবং বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় খাত ভিত্তিক অর্ন্তভূক্ত প্রকল্প প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও বিয়োজনের মাধ্যমে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ চূড়ান্ত করার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : (১) দ্বৈততা পরিহার করে জনগনের কল্যাণে গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

(২) সকলের মতামতের ভিত্তিতে খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ সংযোজন, বিয়োজন ও সংশোধন এবং উন্নয়ন চাহিদা সমন্বয়ের মাধ্যমে চূড়ান্ত করা হলো।

(৩) সকলের সিদ্ধান্ত মোতাবেক বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ অনুমোদন দেয়া হলো।

(৪) অনুমোদিত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ এর কপি সংশ্লিষ্ট সকল সদস্য, উপজেলা পরিষদের ওয়েবসাইট এ আপলোড করাসহ নোটিশ বোর্ডে প্রদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(৫) অনুমোদিত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ এর কপি উপজেলা পরিষদের ওয়েবসাইট এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, খানসামা, দিনাজপুরকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১১/২০২৪
(মোঃ তাজ উদ্দিন)
প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
উপজেলা পরিষদ
খানসামা, দিনাজপুর।
২৮/১১/২০২৪

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।
www.khansama.dinajpur.gov.bd

স্মারক নং : ০৫.৫৫.২৭৬০.০০০.১৬.০০৯.২৪-১০৬৮(৫০)

তারিখ : ১৮/১১/২০২৪ খ্রি.

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৪। উপজেলা ......................................................কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।
০৫। চেয়ারম্যান,...........নং....................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৬। জনাব/বেগম........................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৭। সংশ্লিষ্ট নথি।

১৮/১১/২০২৪
(মোঃ তাজ উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।
ফোন : ০২৫৮৯৯২৯৬০০ (অঃ)
মোবাইল নম্বর-০১৭৬১-৪৯৩৫২৯
মেইল : unokhansama@mopa.gov.bd

১৮/১১/২০২৪

CamScanner